



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৮৫.২৭.০০১.২০-৩০৬

তারিখ: ০৯ জুলাই, ২০২০ খ্রি

প্রেরকঃ মোঃ আবু ইব্রাহিম
সিনিয়র সহকারী সচিব (আইন-১)

- প্রাপকঃ ১। জেলা প্রশাসক,.....(সংশ্লিষ্ট)
২। পুলিশ সুপার,.....(সংশ্লিষ্ট)
৩। রিটার্নিং অফিসার,.....(সংশ্লিষ্ট) নির্বাচনি এলাকা

বিষয়ঃ “নির্বাচনি তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)” এর কর্মকর্তাগণের ঘটনাস্থল পরিদর্শনের জন্য গাড়ী (যৌনবাহন) এবং পুলিশ বাহিনীর সদস্য প্রদান

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ ও ৯০ যশোর-৬ আসনে নির্বাচন উপলক্ষ্মী সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ অনুযায়ী আচরণ বিধির কোন বিধানের লংঘনকে নির্বাচন-পূর্ব অনিয়ম হিসাবে গণ্য করা হয়। নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ হতে নির্বাচনের ফলাফল ঘোষণা পর্যন্ত সময়কে নির্বাচন-পূর্ব সময় বুৰুবো। ফলাফল ঘোষণা বলতে যে তারিখে নির্বাচন কমিশন কর্তৃক কোন প্রার্থীর নির্বাচিত হওয়া সম্পর্কিত গেজেট প্রকাশিত হয় উক্ত তারিখ-কে বুৰুবো হয়েছে।

২। নির্বাচন-পূর্ব অনিয়মসমূহ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ নিশ্চিত করার লক্ষ্যে কমিশন কর্তৃক সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার জন্য বিচার বিভাগীয় কর্মকর্তাগণের মধ্য হতে ০১(এক) জন যুগ্ম জেলা ও দায়রা জজ ও ০১(এক) জন সহকারী জজ এর সমন্বয়ে “নির্বাচনি তদন্ত কমিটি (Electoral Enquiry Committee) গঠিত হয়েছে।

৩। নির্বাচনকালীন সময়ে নির্বাচনপূর্ব অনিয়মসমূহ সঠিকভাবে নিয়ন্ত্রণে রাখা গেলে সুষ্ঠু অবাধ ও নিরপেক্ষ নির্বাচন পরিচালনার ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখবে। এছাড়া নির্বাচনকালীন সময়ে নির্বাচনপূর্ব অনিয়মসমূহ প্রতিরোধ করা গেলে তা আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ ও সংরক্ষণে বস্তুনিষ্ঠ অবদান রাখবে।

৪। সুষ্ঠু তদন্তের স্বার্থে নির্বাচনি তদন্ত কমিটির ক্ষেত্র বিশেষে ঘটনাস্থল পরিদর্শনের প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। অধিকন্তু নির্বাচনের দিন সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ যথাযথভাবে পালিত হচ্ছে কিনা তা পর্যবেক্ষনাতে কমিটি কর্তৃক কমিশন বরাবর তাৎক্ষণিকভাবে যে সুপারিশ করা হবে উক্তরূপ সুপারিশ অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক গৃহীত পদক্ষেপ যাতে যথাযথভাবে বাস্তবায়িত হয়, সে লক্ষ্যে কমিটির একাধিক ভোটকেন্দ্র পরিদর্শনের প্রয়োজনীয়তা দেখা দিবে।

৫। তদন্ত কাজে ঘটনাস্থল অথবা ভোটকেন্দ্র পরিদর্শনের সময় নিরাপত্তার স্বার্থে কমিটির কর্মকর্তাগণের সহিত পুলিশ বাহিনীর ০২(দুই) জন অস্ত্রধারী সদস্য নিয়োগ করা আবশ্যিক।

৬। এই সকল বিষয় বিবেচনায় কমিটির কর্মকর্তাগণকে চাহিদা এবং প্রয়োজন অনুসারে সার্বক্ষণিকভাবে জীপগাড়ী/মাইক্রোবাস/স্পীডবোট এবং ক্ষেত্র বিশেষে ট্রাক/পিকআপ ভ্যান/মটর সাইকেল সরবরাহের জন্য জেলা প্রশাসক-কে এবং পুলিশ এক্সট দেওয়ার জন্য পুলিশ সুপার-কে বিশেষভাবে অনুরোধ করা হল।

বিনীত

(মোঃ আবু ইব্রাহিম) | ২০২০

সিনিয়র সহকারী সচিব (আইন-১)

ফোন: ০২-৫৫০০৭৫৪৩

অফিসের ঠিকানা:

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন: +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স: +৮৮০-০২-৫৫০০৭৫১৫


ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এন্ড্রেসঃ www.ecs.gov.bd

তারিখঃ ০৯ জুলাই, ২০২০ খ্রি:

নং-১৭.০০.০০০০.০৮৫.২৭.০০১.২০-৩০৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যোত্তার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব/ সচিব,.....মন্ত্রণালয়/ বিভাগ (সংশ্লিষ্ট)
- ০২। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুর্যীম কোর্ট, ঢাকা
- ০৩। জেলা ও দায়রা জজ,(সংশ্লিষ্ট)
- ০৪। পুলিশ কমিশনার,(সংশ্লিষ্ট)
- ০৫। বিভাগীয় কমিশনার,.....(সংশ্লিষ্ট)
- ০৬। যুগ্ম সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৭। উপ-মহাপুলিশ পরিদর্শক,(সংশ্লিষ্ট)
- ০৮। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)
- ০৯। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,(সংশ্লিষ্ট)
- ১০। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,(সংশ্লিষ্ট)
- ১১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,(সংশ্লিষ্ট)
- ১২। যুগ্ম-জেলা ও দায়রা জজ ও চেয়ারম্যান, নির্বাচনি তদন্ত কমিটি.....(সংশ্লিষ্ট)
- ১৩। জেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট) (নির্বাচনি তদন্ত কমিটিসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল)
- ১৪। সহকারী জজ ও সদস্য, নির্বাচনি তদন্ত কমিটি,.....(সংশ্লিষ্ট)
- ১৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,(সংশ্লিষ্ট)
- ১৬। সহকারী রিটার্নিং অফিসার, নির্বাচনি এলাকা,(সংশ্লিষ্ট)
- ১৭। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৮। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
- ১৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২০। ভারপ্রাপ্ত কর্মকর্তা,.....(সংশ্লিষ্ট)
- ২১। উপজেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট)


১০/৭/২০২০
(মোঃ আবু ইরাহিম)

সিনিয়র সহকারী সচিব (আইন-১)

ফোন: ০২-৫৫০০৭৪৩